



## বাংলাদেশ শিশু একাডেমি

দোয়েল চত্বর সড়ক

শাহবাগ, ঢাকা-১০০০

[www.shishuacademy.gov.bd](http://www.shishuacademy.gov.bd)

মেমো নং : প্রকা-৩২.০৩.০০০০.৩০১.২৩.০০১.১৮

তারিখ : ৩১.০৭.২০১৯

### সংবাদ বিজ্ঞপ্তি

#### অগ্রণী ব্যাংক-শিশু একাডেমি শিশুসাহিত্য পুরস্কার প্রদান অনুষ্ঠান

অদ্য ৩১ জুলাই ২০১৯ (১৬ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ), অগ্রণী ব্যাংক-শিশু একাডেমি শিশুসাহিত্য পুরস্কার ১৪২৪ (১৪ এপ্রিল-২০১৭-১৩ এপ্রিল-২০১৮) আনুষ্ঠানিকভাবে প্রদান করা হয়। পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান ড. জায়েদ বখ্ত, ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ শামস-উল ইসলাম ও কথাসাহিত্যক সেলিনা হোসেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব কামরুন নাহার।

অগ্রণী ব্যাংক-শিশু একাডেমি শিশুসাহিত্য পুরস্কারপ্রাপ্ত ১০জন সাহিত্যিক উপস্থিত থেকে প্রধান অতিথির নিকট থেকে পুরস্কার গ্রহণ করেন। পুরস্কারপ্রাপ্ত লেখকরা হলেন :

ক্র.নং	বিভাগ	বইয়ের নাম	লেখকের নাম
১	কবিতা-ছড়া-গান [যৌথভাবে]	দুরন্ত কিশোরের উড়ন্ত মন	আহমেদ সাব্বির
		আমার পড়া পাতায় ভরা	সোহেল মল্লিক
২	গল্প-উপন্যাস-রূপকথা	ঘিয়ের পিদিম	নিলয় নন্দী
৩	জীবনী প্রবন্ধ : বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ অথবা অন্যান্য বিষয়ক [যৌথভাবে]	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	মনি হায়দার
		গল্পে গল্পে বাংলাদেশ	শিবুকান্তি দাশ
৪	স্বাস্থ্য-বিজ্ঞান-প্রযুক্তি	পৃথিবীর বাইরে	মিন্টু হোসেন
৫	অনুবাদ-ভ্রমণকাহিনি	লুইস ক্যারল অ্যালিসের অ্যাডভেঞ্চার	সামিন ইয়াসার
৬	নাটক [যৌথভাবে]	আকাশ আর মৃত্তিকার গল্প	মোস্তফা হোসেইন
		বিষ্টি বন্ধু	মোহাম্মদ মারুফুল
৭	বই অলঙ্করণ	এক সকালে টম	মামুন হোসাইন

পুরস্কার বিতরণ শেষে শিশুদের পরিবেশনায় সঙ্গীত ও নাট্যানুষ্ঠানের আয়োজন করা হয়। সুধী ও সাহিত্যজ্ঞানের অনেক খ্যাতিমান ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এতদসঙ্গে সংযুক্ত অগ্রণী ব্যাংক-শিশু একাডেমি শিশুসাহিত্য পুরস্কার ১৪২৪ বঙ্গাব্দের পুরস্কার বিতরণ অনুষ্ঠানের ছবিসহ পুরস্কারপ্রাপ্ত বইয়ের লেখক-শিল্পীগণের নাম আপনার বহুল প্রচারিত চ্যানেল/সংবাদপত্রে প্রচার এবং প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

সমীপে :

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

-----

-----

-----

বার্তা প্রেরক

সুজন বিকাশ বড়ুয়া

প্রোগ্রাম অফিসার (প্রকাশনা)

বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা

ফোন : ৯৫৫০৩১৭, ৯৫৫৮১৬২